

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, স্বাস্থ্য অধিদপ্তর  
সিবিএইচসি কার্যালয়  
বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।  
ই-মেইল : cbhc@ld.dghs.gov.bd

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/চাউগ্রাম বিঃ/শৃংখলা-৬০/২০১৬/

তারিখঃ / / ২০১৭ ইং

## কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, আপনি জনাব উম্মুল খায়ের ফাতেমা, কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) পদে নোয়াখালী জেলার চাটখিল উপজেলার মোহাম্মদপুর ইউনিয়নের পরানপুর কমিউনিটি ক্লিনিকে কর্মরত থেকে দায়িত্বে অবহেলা, গাফিলতি, ইচ্ছানুযায়ী দায়িত্ব পালন এবং অননুমোদিতভাবে গত ০৬/০১/২০১৭ ইং তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

যেহেতু, আপনার কর্মস্থল নোয়াখালী জেলার চাটখিল উপজেলার মোহাম্মদপুর ইউনিয়নের পরানপুর কমিউনিটি ক্লিনিকে কর্মরত থেকে দায়িত্বে অবহেলা, গাফিলতি, ইচ্ছানুযায়ী দায়িত্ব পালন এবং অননুমোদিতভাবে গত ০৬/০১/২০১৭ ইং তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। স্থানীয় কর্তৃপক্ষ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চাটখিল, নোয়াখালী পত্র মারফত সিবিএইচসি কার্যালয়কে অবগত করেন যে, আপনি গত ০৩/০১/২০১৭ ইং তারিখ হতে ০৫/০১/২০১৭ ইং তারিখ পর্যন্ত ০৩ (তিন) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চাটখিল, নোয়াখালী-কে অবহিত না করে দেশ ত্যাগ করেছেন এবং কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চাটখিল, নোয়াখালী আপনাকে কৈফিয়ত তলব সহ কর্মস্থলে যোগদানের জন্য পত্র দেওয়ার পরও আপনি অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেন নাই। আপনার কর্মস্থলে অনুপস্থিতির বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চাটখিল, নোয়াখালী কর্তৃক সরেজমিনে তদন্তকালে প্রতীয়মান হয় যে, আপনি বর্তমানে দেশের বাহিরে অবস্থান করছেন। আপনার এহেন দায়িত্বহীন কার্যকলাপ এবং অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির কারণে কমিউনিটি ক্লিনিকে আগত রোগীদের স্বাস্থ্য সেবা প্রদানে নানাবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে এবং কমিউনিটি ক্লিনিকের দৈনন্দিন কার্যক্রমে ব্যাঘাত ঘটছে, যা সরকারী কর্মচারী আচরণ বিধি পরিপন্থি এবং স্থানীয় কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছেন। অর্থাৎ কর্তৃপক্ষের আদেশ অমান্য করে দায়িত্বে অবহেলা এবং বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন ; এবং

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারী কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থি এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ মোতাবেক “অসদাচরণ” এবং “বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি” হিসাবে গণ্য ;

সেহেতু, কেন আপনাকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হবেনা বা উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত অন্য কোন দণ্ড প্রদান করা হবেনা। এই নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জবাব দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

শ্রী:

(ডাঃ মোঃ আবুল হাসেম খান)

লাইন ডাইরেক্টর

সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর।

ফোন- ৯৮৮০৭৪৫ এবং ফ্যাক্স- ৯৮৪২৯০০।

স্মারক নং- সিবিএইচসি/প্রশাঃ/সিএইচসিপি/চাউগ্রাম বিঃ/শৃংখলা-৬০/২০১৬/ ৫২০/১ (৫০)

তারিখঃ ২০/১/২০১৭ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃ আঃ সহকারী পরিচালক, সমন্বয়)।
২. পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম (দৃঃ আঃ উপ-পরিচালক (স্বাস্থ্য) ও বিভাগীয় ব্যবস্থাপক, সিবিএইচসি)।
৩. সিভিল সার্জন, নোয়াখালী।
৪. প্রোগ্রাম ম্যানেজার/ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার (সকল), সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা) মহাখালী, ঢাকা।
৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চাটখিল, নোয়াখালী (অভিযুক্ত কর্মচারীর নিকট কারণ দর্শানো নোটিশের কপি পৌছানো, বেতন-ভাতা বন্ধ রাখার অনুরোধ এবং একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য বলা হলো)।
৬. হিসাব রক্ষণ কর্মকর্তা, সিবিএইচসি, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
৭. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চাটখিল, নোয়াখালী।
৮. প্রাপক- জনাব উম্মুল খায়ের ফাতেমা, সিএইচসিপি, পরানপুর কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন-মোহাম্মদপুর, উপঃ- চাটখিল, নোয়াখালী।
৯. স্থায়ী ঠিকানাঃ- জনাব উম্মুল খায়ের ফাতেমা, সিএইচসিপি, পিতা- মৃত-মোঃ আবুল কাসেম জুএগ, গ্রাম-পরানপুর, ডাকঘর-খানারহাট, উপজেলা- চাটখিল, জেলা- নোয়াখালী।
১০. অফিস কপি।

শ্রীঃ  
২০.১.১৭

(ডাঃ মাসুদ রেজা কবীর)

ডিপিএম (এইচ আর ম্যানেজমেন্ট)

সিবিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর।